শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# জীবননগর উপজেলা পরিষদের এপ্রিল-২০২১খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ০৮-০৪-২০২১খ্রিঃ, সময় ঃ বেলা- ১১:০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ১০/২০২০-২১ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত মার্চ-২০২১খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে, বর্তমান পরিস্থিতির উপরে ৬৪টি জেলার মধ্যে চুয়াডাঙ্গা জেলার আইন-শৃঙ্খলা ভালো আছে। কাঁটাপোল গ্রামে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপর হামলার ঘটনা ছাড়া এখন পর্যন্ত জীবননগর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে। গত এক মাসে চুরি এবং ডাকাতির কোন সংবাদ আমাদের কাছে নেই। মাদক বিরোধী অভিযান চলমান আছে। করোনা পরিস্থিতি মোকাবেলায় আমরা সব সময় প্রস্তুত আছি এবং আমাদের সহযোগিতা সব সময় থাকবে। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। যতটা সম্ভব বাহিরে কম যেতে হবে এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হতে হবে। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখা এবং মাদক বিরোধী অভিযান চলমান রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা পরিস্থিতি নিয়ে আমরা হুমকির মুখে পড়েছি। প্রথম পর্যায় থেকে আমরা এখন কঠিন পর্যায়ে চলে গিয়েছি। আমাদের দেশের মানুষ খুবই অসচেতন কোন ভাবেই কোন লক ডাউন মানছে না। প্রয়োজন ছাড়া বাহিরে যাচ্ছে, মাস্ক ব্যবহার করছে না। সামাজিক দূরুত্ব মেনে চলছে না। হাসপাতালে অনেক মানুষ প্রয়োজন ছাড়াই যাচ্ছে। তাদেরকে নিষেধ করা সত্ত্বেও তারা মানছে না। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। বার বার হাত ধৌত করা। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | গরম পানি খাওয়া। গরম ভাব নিব। যদি সর্দি কাশি হয় তাহলে আমার কাছে ফোনে যোগাযোগ করলে আমি যতদুর সম্ভব চিকিৎসা দেব। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাব। বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। আমরা ২য় ডোজ ভ্যাকসিন পেয়েছি। যারা এখনও ১ম ডোজ দেয়নি তাদের জন্য ১ম ডোজের ভ্যাকসিন দেওয়া চলমান আছে। আজ থেকে ২য় ডোজের ভ্যাকসিন দেওয়া শুরু হবে। জীবননগর উপজেলায় বর্তমান করোনা রোগির সংখ্যা ০৮ (আট) জন। | | |
| ০৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</u> ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৮-০৩-২০২১খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা কালীন সময়ে আমাদের কর্মিরা বাড়ি বাড়ি গিয়ে, স্যাটেলাইট ক্লিনিকে এবং এফডব্লিউসি-তে বসে স্বাস্থ্যবিধি মেনে তারা যথাযথ কাজ চালিয়ে যাবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জীবননগর। |
| ০৫ | <u>উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসএপিপিও, উপজেলা কৃষি অফিসারের কার্যালয় বলেন যে, গত ২৭-০১-২০২১খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, আউশ প্রণোদনা ২৫০০ জন কৃষকের দেওয়ার কথা ছিল কিন্তু এটা বৃদ্ধি পেয়ে ৩০০০ জন কৃষকের দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। এরা ৫ কেজি করে আউশ বীজ, ২০ কেজি করে ডিএপি এবং ১০ কেজি করে এমওপি পাবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |
| ০৬ | <u>উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>মৎস্য বিভাগীয় ঃ উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা বলেন যে, গত ১১-১১-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জাটকা ইলিশ অভিযান চলছে। বাজার মনিটরিং চলছে এব্যাপারে সকলের সহযোগিতা কামনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জীবননগর। |
| ০৭ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> ঃ ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর বলেন যে, আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল জীবননগরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর। |
| ০৮ | <u>যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে -<br>(ক) ২০২০-২১খ্রিঃ অর্থবছরে বরাদ্দকৃত এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের বিপরীতে প্রকল্পগুলি দাখিল হয়। সে প্রেক্ষিতে ঠিকাদারগণের NOA প্রদানের কাজ চলিতেছে।<br>(খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ২৯-০৩-২০২১খ্রিঃ তারিখের ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০২০(অংশ-৩)-২০৯ নং স্মারকে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দের ৬৫০.০০ কোটি (ছয়শত পঞ্চাশ কোটি) টাকা হতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) | (ক) উক্ত আলোচনান্তে NOA প্রদান করে দ্রুত কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(খ) উক্ত আলোচনান্তে "করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণ" প্রকল্পটি সভায় সর্বসম্মতিক্রমে | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণের জন্য জীবননগর উপজেলা পরিষদের অনুকূলে ৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য একমত পোষন করেন। | অনুমোদিত হয়। যাহা পরিশিষ্ট- ''ঘ'' তে উল্লেখ করা হলো। প্রকল্পটি প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| ০৯ | <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) বলেন যে - ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বরাদ্দকৃত ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার সক্ষমতা উন্নয়নের ০৬টি উপ-প্রকল্প এবং ৩৯,৯৮,২০০.০০ + ভ্যাট ও ট্যাক্স- ৪,৪১,৮০০.০০ = মোট- ৪৪,৪০,০০০.০০ (চুয়াল্লিশ লক্ষ চল্লিশ হাজার) টাকার বিপরীতে গৃহীত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের ০৩টি উপ-প্রকল্প- বাস্তবায়নের জন্য প্রাক্কলনের প্রস্তুতের কাজ চলিতেছে। | উক্ত আলোচনান্তে সক্ষমতা উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি এবং অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্পগুলি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পগুলি বাস্তবায়নে লক্ষ্যে PMU বরাবর উপ-প্রকল্পগুলির কাগজ পত্র বিধি মোতাবেক জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সংশ্লিষ্ঠ দপ্তরকে উক্ত উপ-প্রকল্পের কাগজপত্রগুলি উল্লেখিত তারিখের আগে ইউডিএফ এর বরারব প্রেরন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তর সমুহ এবং ইউডিএফ। |
| ১০ | <u>উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - ভাতাভোগিদের এমআইএস ও বিকাশ একাউন্ট খোলার কাজ চলমান আছে। মন্ত্রণালয় ভাতা ভোগিদের ২য় কিস্তির টাকা বিকাশের মাধ্যমে দেওয়ার প্রক্রিয়া চালাচ্ছে। এজন্য সামাজিক দূরত্ব বজায় রেখে নির্ধারিত বিকাশ একাউন্টের মাধ্যমে যাদের এখনও বিকাশ একাউন্ট খোলা হয়নি তাদের একাউন্ট খোলার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। | উক্ত ভাতা কার্যক্রমে সার্বিক সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ পরিষদের সকল সদস্যদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১১ | <u>উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ফেব্রুয়ারী মাস থেকে মুক্তিযোদ্ধাদের ভাতা G2P তে দেওয়া হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১২ | <u>উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | <u>উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৬-০৪- | (ক) উক্ত বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক |

| | | | |
|---|---|---|---|
| | ২০২১খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br>(ক) জীবননগর উপজেলায় বন বিভাগ কর্তৃক বিভিন্ন সনে সৃজিত ১০ বছর মেয়াদ উত্তীর্ণ বাগান সমূহ যেমন :<br>(০১) ২০০৩-০৪ সনের কয়া ঈদগাহ্ হতে বেনীপুর মোড় পর্যন্ত সংযোগ সড়ক বাগান = ৩.০ কি.মি. ।<br>(০২) ২০০৫-০৬ সনের সৃজিত চ্যাংখালী হতে ভারত সীমান্ত পর্যন্ত সংযোগ সড়ক বাগান = ৩.০ কি.মি।<br>(০৩) ২০০৩-০৪ সনের সৃজিত মৃগমারী ব্রীজ হতে ডুমুরিয়া ব্রীজ পর্যন্ত বাঁধ বাগান = ৬.০ কি.মি. ।<br>(০৪) ২০০৩-০৪ সনের সৃজিত ডুমুরিয়া ব্রীজ হতে মৃগমারী ব্রীজ অভিমুখে বাঁধ বাগান = ১.০ কি.মি. । মোট = ১৩ কি.মি. বাগানের গাছ বিধি মোতাবেক দরপত্র আহ্বানের মাধ্যমে বিক্রয় করা হয় এবং সেখানে ২য়/৩য় আবর্তের বাগান সৃজন করা প্রয়োজন। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে অনুরোধ করা হয়। | বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| | (খ) জীবননগর উপজেলার সীমান্ত ইউপির অধীন হাবীবপুর ব্রীজ হতে হরিহরনগর নতুন ব্রীজ পর্যন্ত করতোয়া নদীর দুপার্শ্বে পতিত জাগায় ৫.০ কি.মি. (সিডলিংক কি.মি.) নতুন বাগান সৃজন করা প্রয়োজন। | (খ) উক্ত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে অনুরোধ করা হয়। | |
| | (গ) (০১) ২০২০-২১ আর্থিক সনে জীবননগর উপজেলায় সীমান্ত ইউনিয়নের কয়া ঈদগাহ্ হইতে বেনীপুর মোড় পর্যন্ত সংযোগ সড়ক বাগানের ৩.০ কি.মি.= ১৫টি লট। (০২) ২০১৯-২০ আর্থিক সনে চ্যাংখালী হইতে ভারত সীমান্ত পর্যন্ত সংযোগ সড়ক ৩.০ কি.মি বাগানের = ১৮টি লট। (০৩) ২০১৮-১৯, ২০১৯-২০. ২০২০-২১, আর্থিক সনে মৃগমারী ব্রীজ হতে ডুমুরিয়া ব্রীজ পর্যন্ত বাঁধ বাগান ৬.০ কি.মি. বাগানের ১৩টির মধ্যে = ০৯টি এবং (০৪) ২০১৯-২০ আর্থিক সনে ডুমুরিয়া ব্রীজ হতে মৃগমারী ব্রীজ অভিমুখে বাঁধ বাগান = ১.০ কি.মি. বাগানের ০৩ টির মধ্যে = ০২টি লট টেন্ডারের মাধ্যমে বিক্রয় ও কর্তন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। সংশ্লিষ্ট বাগানগুলির উপকারভোগীসহ ভূমির মালিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের লভ্যাংশ বিতরণ করা দরকার। তাছাড়া ২য়/৩য় আবর্তের বাগান সৃজনের নিমিত্তে ১০% বৃক্ষরোপন তহবিল (T.F.F) এর অর্থে বাগান সৃজনে ব্যয় করা প্রয়োজন। | (গ) উক্ত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে অনুরোধ করা হয়। | |
| ১৪ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ১১-০১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাসের কারনে শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস এখনও পর্যন্ত শুরু করা সম্ভব হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান কবে খুলবে তা নিশ্চিত করে বলা যাচ্ছে না। লোকাল ডিস লাইনের মাধ্যমে গত বার যে ভাবে আমরা ক্লাশ রেকডিং করে চালিয়ে ছিলাম এব্যাপারে আমরা দ্রুত শুরু করা জন্য প্রস্তুতি নিচ্ছি । | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৫-০৪-২০২১খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br><br>(ক) বিবেচ্য সময়ে সকল (৭১টি) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের মার্চ মাসের বেতন-ভাতা বিল দাখিল করা হয়েছে। মোবাইল একাউন্টের মাধ্যমে সুবিধাভোগী শিক্ষার্থীদের জুলাই-ডিসেম্বর-২০২০ কিস্তির উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নগদ পোর্টালে তথ্য ও চাহিদা এন্ট্রি সম্পন করা হয়েছে, বর্তমানে ভেলিডেশনের কাজ চলমান আছে। শীঘ্রই উপবৃত্তির অর্থ শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল একাউন্টে ছাড় করা হবে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবেই চলমান আছে। | (ক) শিক্ষকগণের বেতন-ভাতা, নগদ পোর্টালে উপবৃত্তির তথ্য এন্ট্রি কার্যক্রমসমূহ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন এবং বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সুসম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (খ) বর্তমানে সুবিধাভোগী অভিভাবকগণের মোবাইলে নগদ সার্ভিসের মাধ্যমে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির টাকা প্রদান করা হচ্ছে। এক্ষেত্রে কোন কোন এলাকায় প্রতারকচক্র অভিভাবকগণের মোবাইলে ফোন করে অভিভাবকের মোবাইলে যাওয়া পিনকোড এবং ওটিপি নাম্বার চেয়ে নিয়ে তার টাকা হাতিয়ে নিচ্ছে। ফলে অভিভাবকগণ প্রতারনার স্বীকার হয়ে প্রাপ্ত অর্থ হতে বঞ্চিত হচ্ছেন মর্মে জানা যাচ্ছে। এক্ষেত্রে আমাদের এলাকায় যাতে এধরণের ঘটনা না ঘটে সেজন্য বিদ্যালয়ের শিক্ষকগণের মাধ্যমে অভিভাবকগণকে সচেতন করা হচ্ছে। যেহেতু বিদ্যালয় বন্ধ সেহেতু এবিষয়টি ব্যপক প্রচারে শিক্ষকগণের পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (খ) উক্ত বিষয়ে অভিভাবকগণকে সচেতন করতে বিদ্যালয়ের শিক্ষকগণের পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | |
| | (গ) অভিভাবকগণ সচেতন না হওয়ার কারণে শিশুদের সঠিকভাবে জন্ম নিবন্ধন না করায় পরবর্তীতে উচ্চতর শ্রেণির নির্ধারিত বয়স নিরুপনে অভিভাবকগণ জন্ম তারিখ সংশোধনের জন্য ইউনিয়ন পরিষদ ও পৌরসভায় আবেদন করেন। এক্ষেত্রে ইউনিয়ন পরিষদ হতে সনদ সংশোধনে জটিলতা সৃষ্টি হচ্ছে। এই জটিলতা নিরসন করা প্রয়োজন । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (গ) উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | - |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৫-০৪-২০২১খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৬৫ লক্ষ টাকা। মার্চ-২০২১খ্রিঃ মাসে অগ্রগতি ০.৬০ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ১০.৪৮ লক্ষ টাকা, এ পর্যন্ত আদায় ১০.৬৯ লক্ষ টাকা, ঋণ বিতরণের বার্ষিক লক্ষমাত্রা ২৫০.৭৫ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ২৭১.৬০ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ২৪৮.৮১ লক্ষ টাকা, আদায়ের পরিমান ২৪৭.৯৬ লক্ষ | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | টাকা। বার্ষিক আদায়ের হার ৯৯% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৮২.৬৩ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | | |
| ১৭ | উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি ২০২০-২১ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৭২ লক্ষ টাকা। মার্চ-২০২১খ্রিঃ মাসে অগ্রগতি ০.৩৪ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ৩.২৮ লক্ষ টাকা, এ পর্যন্ত আদায় ১.২৮ লক্ষ টাকা, ঋণ বিতরণের লক্ষমাত্রা ১৪০.৪৭ লক্ষ টাকা, এপর্যন্ত বিতরণের পরিমান ৪৬.৯৪ লক্ষ টাকা। বছরে ঋণ আদায়ের লক্ষমাত্রা ১৪২.৩৪ লক্ষ টাকা, আদায়ের পরিমান ৬৪.২৭ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৪৫% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। বর্তমানে খেলাপী ঋণের পরিমান ৪৫.২৫ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। |
| ১৮ | উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মনোহরপুর আশ্রায়ন প্রকল্পে উপকারভোগীদের নিকট পাওনা ঋণের পরিমান ১৫.৩৩ লক্ষ টাকা। এপর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৮.৭৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৫৩%। উল্লেখ্য ঋণ গ্রহণ পূর্বক ব্যারাক ত্যাগকারী সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ৪.৪৪ লক্ষ টাকা এবং মৃত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ০.৩০ লক্ষ টাকা। ব্যারাকে অবস্থানকারী সদস্যরা নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করছে। ঋণ আদায়ের অগ্রগতি পূর্বের তুলনাই মোটামুটি সন্তোষজনক। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগরকে অনুরোধ করা হয়। | সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, জীবননগর। |
| ১৯ | আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা ঃ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পে ২০২০-২১ অর্থবছরে দলগঠন ক্রমপুঞ্জিত ১১৩ টি, সদস্য সঞ্চয় জমার লক্ষমাত্রা ২০.০০ লক্ষ টাকা। মার্চ-২০২১খ্রিঃ মাসে অগ্রগতি হয়েছে ১৬.৮০ লক্ষ ক্রমপুঞ্জিত ১১২.০৯ লক্ষ টাকা। কর্জ বিতরণের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। অর্জন হয়েছে ১৮০.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত অর্জন ৫৮১.৫০ লক্ষ টাকা। কর্জ আদায়ের লক্ষমাত্রা ২৪০.০০ লক্ষ টাকা। আদায় হয়েছে ১১৫.৫০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত আদায় ২৭৩.১৭ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প-কে অনুরোধ করা হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, জীবননগর। |
| ২০ | উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রমঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ১০-০১-২০২১খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, জীবননগর। |
| ২১ | উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ০৯-০৩-২০২১খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ২২ | <u>উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ০৯-০২-২০২১খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |
| ২৩ | <u>অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ জনাব ফিরোজ আহমেদ রানা, এস.এ.এস. সুপারিনটেনডেন্ট, উপজেলা হিসাব রক্ষণ অফিস বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | <u>উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর বলেন যে, করোনা ভাইরাস থেকে আমাদের বাঁচার একমাত্র উপায় হলো স্বাস্থ্যবিধি মেনে চলা। মুখে মাস্ক ব্যবহার করা। সামাজিক দুরুত্ব মেনে চলা। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। সাবান পানি দিয়ে ২০ সেকেন্ড এর উপর হাত ধৌত করা। একটি করোনা রুগি যখন সম্পুর্ণ সংক্রামিত হবে তার দ্বারা ছয় হাজার মানুষ আক্রান্ত হবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে এই উপজেলায় তিনটি হাত ধোয়ার বেসিন স্থাপন করা হয়েছে। উপজেলা পরিষদে যারা সেবা গ্রহিতা আসেন তাদেরকে নিঁশ্চিত করতে হবে যে ওখান থেকে তারা সাবান পানি দিয়ে হাত ধুয়ে তারপর প্রয়োজনীয় দপ্তরে যাবেন। এই উপজেলায় আরও হ্যান্ড ওয়াশিং বেসিন এর প্রয়োজন হলে সেক্ষেত্রে বরাদ্দ দেওয়া যাবে। যেখানে বেসিন স্থাপন হবে সেখানে ওয়াটার সাপ্লায় ও বিদ্যুৎ এর ব্যবস্থা থাকতে হবে এবং বিদ্যুৎ বিল সেখান থেকে পরিশোধ করতে হবে। যদি কোন স্থান থাকে তাহলে আমার কাছে তালিকা দিলে প্রাথমিক ভাবে চাহিদা প্রেরণ করলে দ্রুত বরাদ্দ দিয়ে দিবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগরকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয় এবং এধারা অব্যহত রাখার জন্য সভায় সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ২৫ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করায় স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগরকে ধন্যবাদ দেওয়া হয়। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। |
| ২৬ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। মসজিদে নামাজ পড়ার সময় সামাজিক দূরুত্ব বজায় রেখে নামাজ পড়তে হবে। মসজিদে নামাজ পড়তে যাওয়ার সময় অবশ্যই মুখে মাস্ক দিতে হবে। পবিত্র রমজান মাসে মসজিদে ইফতার করা যাবে না এবং সেহরি খাওয়া যাবে না। | উপজেলার সকল মসজিদের ঈমামসহ মুসল্লিদের উদ্দেশ্যে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সতর্কতা বিষয়ে প্রচারের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ২৭ | দীপক কুমার বসু, উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, | উপজেলা ব্যবস্থাপক-৬৪৮, ক্ষুদ্র |

| | | | |
|---|---|---|---|
| | | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়। | কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। |
| ২৮ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করার জন্য সভাকে অবহিত করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত আপডেট করার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |
| ২৯ | মেয়র, জীবননগর পৌরসভা বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে আমরা বাসার বাইরে যাবো না। বার বার হাত ধৌত করবো। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাব। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। জীবননগর কাঁচা বাজারের সাথে একটি কৃষি দপ্তরের পুরাতন ভবন আছে। ভবনটি খুবই ঝুকি পূর্ণ অবস্থায় আছে। ভবনটির দেওয়াল ও সাদ ভেঙ্গে পড়ছে। ভবনটি দ্রুত অপসারন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কৃষি দপ্তরের পুরাতন ভবনটির বিষয়ে কৃষি অফিসারের সাথে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |
| ৩০ | ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে -<br>উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে স্থায়ী কমিটির সভা সংক্রান্ত ঃ উপজেলা পরিষদ (সংশোধিত) ২০১১ এর ২৯(১) নং ধারার বিধান মতে চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা পরিষদের নির্ধারিত ১৭টি বিষয়ে ০১টি করে স্থায়ী কমিটি পুনর্গঠন করা হয়েছে। কিন্তু কমিটিগুলির সভা যথাযথভাবে অনুষ্ঠিত হয় না। উক্ত সভা অনুষ্ঠানের বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের জোর তাগিদ আছে। উক্ত সভার নোটিস প্রদানসহ সভার কার্যবিবরণী প্রস্তুতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবগণকে অনুরোধ করা হলো ব্যর্থতায় দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিবের উপর বর্তাবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ১৭টি বিষয়ে স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছক মোতাবেক পরিশিষ্ট-"খ" তে উল্লেখ করা হলো। বিষয়টি পরিষদের মাসিক সাধারণ সভায় সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণ। |
| ৩১ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩২ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন নিয়ে সমস্যা আছে। অনেক ছাত্র-ছাত্রী আমাদের কাছে জন্ম নিবন্ধন করতে আসে। নতুন নিয়ম অনুযায়ী জন্ম নিবন্ধন করতে হলে তাদের বাবা-মায়ের ডিজিটাল জন্ম নিবন্ধন লাগছে। কিন্তু জন্ম নিবন্ধন ডিজিটাল করতে হলে বাঁকা ইউনিয়ন পরিষদে আসতে হচ্ছে। উক্ত বিষয়ে সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | জন্ম নিবন্ধনের সমস্যা সমাধানের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় আশ্বাস প্রদান করেন। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ৩৩ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস নামক মহামারিতে বাংলাদেশের অনেক মানুষ মৃত্যু বরণ করেছেন। করোনা ভাইরাস প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দূরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে যাওয়া যাবে না। বার বার হাত ধৌত করতে হবে। গরম পানি খেতে হবে। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খেতে হবে। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। | – |
| ৩৪ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের চিঠির নির্দেশনা অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব অনুর্দ্ধ ১৭ বালক-বালিকা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ১০ এপ্রিল ২০২১খ্রিঃ তারিখের মধ্যে শেষ করতে হবে। খেলাটি পৌরসভা এবং ইউনিয়ন ভিত্তিত দল হবে। অনুর্দ্ধ ১৭ বালক-বালিকা বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট খেলাটি ২৯ মার্চ ২০২১খ্রিঃ হতে ১০ এপ্রিল ২০২১খ্রিঃ তারিখের মধ্যে শেষ করার জন্য বলা হয়েছে। যেহেতু লক ডাউনের কারনে খেলাটি শুরু করা সম্ভব হয়নি। জেলা প্রশাসক মহোদয়ের নির্দেশনা মোতাবেক লক ডাউন ১১ তারিখে উঠে গেলে ১২ ও ১৩ এপ্রিল ২০২১খ্রিঃ তারিখে শেষ করার জন্য নির্দেশনা দেন। উক্ত খেলায় ০৯টি টিম প্রয়োজন। পৌরসভা ০১টি ও ০৮টি ইউনিয়নে ০৮টি, মোট ০৯টি টিম নিয়ে খেলাটি অনুষ্ঠিত হবে। উক্ত খেলাটির বিষয়ে সভায় সকল সদস্যদের অবগত করা হয়। | | |
| ৩৫ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত</u> ঃ<br><br>(ক) মার্চ-২০২১খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের মার্চ-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর মার্চ-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর মার্চ-২০২১খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র।<br><br>(০২) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে মার্চ-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৮৫০.০০ (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ূদার পদে নিয়োজিত কর্মচারীকে মার্চ-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১৪,৮৫০.০০ (চৌদ্দ হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র। | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(০২) উক্ত মালি ও ঝাড়ূদার পদে নিয়োজিত কর্মচারী গণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/ সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |

| | | | |
|---|---|---|---|
| | (০৩) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বেতনের ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে মার্চ-২০২১খ্রিঃ মাসের মজুরী বাবদ - ৩,৮৬০.০০ (তিন হাজার আটশত ষাট) টাকা মাত্র। | (০৩) উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৪) মার্চ-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯২০.০০ (সাইত্রিশ হাজার নয়শত বিশ) টাকা মাত্র। | (০৪) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৫) মার্চ-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৯৫.০০ (চার হাজার নয়শত পঁচানব্বই) টাকা মাত্র। | (০৫) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৬) মার্চ-২০২১খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৬) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী তথা 'মুজিববর্ষ' উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে 'পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর' কার্যক্রম বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। জীবননগর উপজেলা পরিষদের বাউন্ডারীর ভিতরে পানি নিষ্কাশনের ড্রেনসহ বিভিন্ন স্থানে ময়লা আবর্জনা জমে দুর্গন্ধ ছড়াচ্ছে এবং ডেঙ্গু মশার উৎপাত বৃদ্ধি পাচ্ছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬-০২-২০২০খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪. ২০১৩-২৬৪ নং স্মারকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা উপ-খাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছরে সর্বোচ্চ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। এমতাবস্থায় পরিষদের ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্ন রাখার স্বার্থে জরুরি ভিত্তিতে গত ১১-০৩-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ শরিফুল হোসেন, পিতা- মোঃ আব্দুল মমিন, সাং- শাপলাকলি পাড়া, ডাকঘর- দৌলৎগঞ্জ-৭২৩০, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাকে জীবননগর উপজেলা পরিষদে পরিস্কার পরিচ্ছন্ন কর্মী হিসাবে মাসিক ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা বেতনের ভিত্তিতে ১২-০৩-২০২১খ্রিঃ তারিখে নিয়োগ দেওয়া হয়। উক্ত বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন। | (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর উপ-খাত হইতে উক্ত পরিস্কার পরিচ্ছন্ন কর্মীকে মাসিক ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা বেতনের ভিত্তিতে পরিষদের সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, মুজিব শতবর্ষে 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ০৪-০১-২০২১খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৬০.২০২০-১১ নং স্মারক এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ন-২ প্রকল্পের ০১-১০-২০২০খ্রিঃ তারিখের ০৩.০২.০০০০.৭০২.১৪.৬৭৭.১৩-১২২২ নং আদেশ মোতাবেক নির্ধারিত ডিজাইন অনুযায়ী প্রতিটি একক গৃহের আয়তন ৩৯৪ বর্গফুট। ০২ (দুই) কক্ষ বিশিষ্ট সেমি পাকা গৃহে একটি টয়লেট, একটি রান্নার কক্ষ ও ইউটিলিটি স্পেস রয়েছে। মালামাল ক্রয়ের ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করতে হবে। প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রতিটি গৃহের নূন্যতম প্রাক্কলিত ব্যয় ভ্যাট ও আইটি ব্যতীত ১,৭১,০০০.০০ (এক লক্ষ একাত্তর হাজার) টাকা, ভ্যাট ও আইটিসহ প্রাক্কলিত ব্যয় ১,৮৭,২৪৫.০০ (এক লক্ষ সাতাশি হাজার দুইশত পঁয়তাল্লিশ) টাকা নির্ধারণ করতে হবে। উক্ত বিষয়ে সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ০২ (দুই) টি গৃহ নির্মাণের জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (গ) মুজিব শতবর্ষে 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণ জীবননগর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে পরিষদের সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ০২ (দুই) টি গৃহ নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হয়। যা পরিশিষ্ট- "গ" তে উল্লেখ করা হলো। | |
| | | (ঘ) উপজেলা প্রকৌশলী বলেন যে, জীবননগর উপজেলায় নবাগত সহকারী কমিশনার (ভূমি) যোগদান করেছেন। উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারে ১ঘ (তিস্তা) থাকার কথা বলেছেন। কোয়াটারের পানি সরবরাহের সমস্যা দেখা দেওয়ায় জরুরি ভিত্তিতে ট্যাঙ্কি পরিস্কার, পানির পাইপ ও বলকর্ক ক্রয় করে পানির লাইনের টুকিটাকি কাজ করা হয়েছে। উক্ত কাজের মালামাল ক্রয় ও মিস্ত্রি মজুরি বাবদ- ৩,৪৯০.০০ | (ঘ) উক্ত কোয়াটারের পানির লাইনের মালামাল ক্রয় ও মিস্ত্রি মজুরি বাবদ- ৩,৪৯০.০০ (তিন হাজার চারশত নব্বই) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব | |

| | | | |
|---|---|---|---|
| | (তিন হাজার চারশত নব্বই) টাকা মাত্র ব্যয় হয়েছে। উক্ত কাজের মালামাল ক্রয় ও মিস্ত্রি মজুরির টাকা পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ট) অনুচ্ছেদ এর "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন মোঃ ইউনুচ আলী সরদার, পিতা- মৃত আক্কাস আলী সরদার, সাং- মাধবখালী ছটাঙ্গা পাড়া, ওয়ার্ড নং- ০৮, ইউনিয়ন- মনোহরপুর, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা। তার গত ২৫-০৩-২০২১খ্রিঃ তারিখে বেলা- ১০.৩০ ঘটিকার সময় বৈদ্যুতিক সর্ট সার্কিট জনিত আগুনে দোকান ঘর এবং বসত ঘরসহ ঘরে থাকা নগদ টাকাসহ সংসারের প্রয়োজনীয় জিনিসপত্র পুড়ে যায়। সে একজন অসহায় হতদরিদ্র মানুষ, তার সহায়-সম্বল বলতে কিছুই নেই। এ অবস্থায় সে পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবন-যাপন করছে। সে গত ২৯-০৩-২০২১খ্রিঃ তারিখে আর্থিক সাহায্যের জন্য আবেদন করেন। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে তাকে আর্থিক সাহায্য প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঙ) উক্ত আলোচনান্তে পরিষদের সকল সদস্যের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ঘ) অনুচ্ছেদ এর "অপ্রত্যাশিত" খাত হইতে মোঃ ইউনুচ আলী সরদার, পিতা- মৃত আক্কাস আলী সরদার, সাং- মাধবখালী ছটাঙ্গা পাড়া, ওয়ার্ড নং- ০৮, ইউনিয়ন- মনোহরপুর, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গাকে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা মাত্র আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। বিশ্বব্যপী করোনা ভাইরাস (কোভিড-১৯) যে ভাবে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে করে আমাদের উচিত হবে অবশ্যই মুখে মাস্ক ব্যবহার করা, নিয়মিত সাবান দিয়ে হাত-পা ধৌত করা, সামাজিক দূরুত্ব মেনে চলা। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। গরম পানি খাওয়া। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। আর নিজেকে সুরক্ষিত রাখা। সরকারী ঘোষিত নিয়ম কানুন মেনে চলাসহ আতঙ্কিত না হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা বাসীর প্রতি আমার অনুরোধ রইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২০-৪৩৯(৫০) তারিখ ঃ ১৩-০৪-২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। চেয়ারম্যান ............................................ ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। উপজেলা .................................................. অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব ............................................................ জীবননগর, চুয়াডাঙ্গা।

১৩।৪।২০২১

(এস. এম. মুনিম লিংকন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫০০১
unojibannagar@mopa.gov.bd

# পরিশিষ্ট - খ

জীবননগর উপজেলা পরিষদের ০৮-০৪-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভায় অনুমোদিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে স্থায়ী কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছক মোতাবেক নিম্নে প্রদান করা হলো ঃ

| ক্রঃ নং | কমিটির নাম | সদস্য-সচিব | প্রতি মাস/প্রতি দুই মাস অন্তর সভার নির্ধারিত তারিখ সমূহ |
|---|---|---|---|
| ০১ | আইন-শৃংখলা কমিটি। | অফিসার ইন-চার্জ, জীবননগর থানা, চুয়াডাঙ্গা। | মাসের প্রথম সপ্তাহে সোমবার বেলা-১০.৩০ ঘটিকা অথবা আলোচনা সাপেক্ষে। |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। | - ঐ - |
| ০৩ | কৃষি ও সেচ কমিটি। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। | - ঐ - |
| ০৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। | - ঐ - |
| ০৫ | মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর। | - ঐ - |
| ০৬ | প্রাথমিক ও গণশিক্ষা কমিটি। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। | - ঐ - |
| ০৭ | মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। | - ঐ - |
| ০৮ | যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। | - ঐ - |
| ০৯ | মহিলা ও শিশু উন্নয়ন কমিটি। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। | - ঐ - |
| ১০ | সমাজ কল্যাণ কমিটি। | উপজেলা সমাজ সেবা অফিসার, জীবননগর। | - ঐ - |
| ১১ | পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। | - ঐ - |
| ১২ | জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। | - ঐ - |
| ১৩ | মুক্তিযোদ্ধা কমিটি। | উপজেলা সমাজ সেবা অফিসার, জীবননগর। | - ঐ - |
| ১৪ | সংস্কৃতি বিষয়ক কমিটি। | উপজেলা সমাজ সেবা অফিসার, জীবননগর। | - ঐ - |
| ১৫ | পরিবেশ ও বন উন্নয়ন কমিটি। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। | - ঐ - |
| ১৬ | বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ কমিটি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জীবননগর। | - ঐ - |
| ১৭ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, জীবননগর। | - ঐ - |

৮/৪/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

# পরিশিষ্ট - গ

জীবননগর উপজেলা পরিষদের ০৮-০৪-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভায় অনুমোদিত ২০২০-২১ অর্থবছরে মুজিব শতবর্ষে 'ক' শ্রেণীর ভূমিহীন ও গৃহহীনদের জন্য জীবননগর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ০২ (দুই) টি গৃহ নির্মাণের প্রেক্ষিতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্নরুপ ০২ (দুই) টি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি | বরাদ্দ |
|---|---|---|---|
| ০১ | মোঃ সোহরাব হোসেন<br>স্ত্রী- মোছাঃ ফাতেমা খাতুন<br>সাং- কয়া<br>ডাকঘর- কুসুমপুর<br>উপজেলা- জীবননগর<br>জেলা- চুয়াডাঙ্গা এর গৃহ নির্মাণ। | ০১। উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান - সদস্য<br>০৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি - সদস্য<br>০৪। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান - সদস্য<br>০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য-সচিব | ১,৮৭,২৪৫.০০ |
| ০২ | মোঃ জহির উদ্দিন<br>স্ত্রী- মোছাঃ সবেদা খাতুন<br>সাং- খয়েরহুদা,<br>ডাকঘর- খয়েরহুদা<br>উপজেলা- জীবননগর<br>জেলা- চুয়াডাঙ্গা এর গৃহ নির্মাণ। | ০১। উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান - সদস্য<br>০৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি - সদস্য<br>০৪। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান - সদস্য<br>০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা - সদস্য-সচিব | ১,৮৭,২৪৫.০০ |

৮/৪/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

# পরিশিষ্ট - ঘ

জীবননগর উপজেলা পরিষদের ০৮-০৪-২০২১খ্রিঃ তারিখের মাসিক সাধারণ সভায় অনুমোদিত ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা (কোড নং- ২২১০০০৪০০) থোক বরাদ্দের ৬৫০.০০ কোটি (ছয়শত পঞ্চাশ কোটি) টাকা হতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে কার্যক্রম বাস্তবায়নের জন্য জীবননগর উপজেলা পরিষদের অনুকূলে ৯৬,০০০.০০ (ছিয়ানব্বই হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। সেই প্রেক্ষিতে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাম | অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি | বরাদ্দ |
|---|---|---|---|
| ০১ | করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধকল্পে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণ। | ০১। মোঃ আবু সাঈদ, সদস্য, মনোহরপুর ইউপি - প্রকল্প সভাপতি<br>০২। মোঃ কামরুজ্জামান, সদস্য, মনোহরপুর ইউপি - সদস্য সচিব<br>০৩। মোঃ আঃ রশিদ, গণ্যমান্য ব্যক্তি - সদস্য<br>০৪। মোঃ আলতাফ হোসেন, শিক্ষক - সদস্য<br>০৫। মোঃ শামসুল হক, সমাজ সেবক - সদস্য<br>০৬। মোছাঃ মর্জিনা খাতুন, সমাজ কর্মী - সদস্য<br>০৭। মাওলানা আবু সাইদ, ঈমাম - সদস্য | ৯৬,০০০.০০ |

৮/৪/২০২১

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com